


প্রকাশ : ১ ডিসেম্বর, ২০১৭ ১৭:২০
আপডেট : ১ ডিসেম্বর, ২০১৭ ১৮:০১

অনলাইন
ভার্সন

Share
প্রিন্ট করুন 

আনিসুল হকের মৃত্যুতে বসুন্ধরা গ্রুপ চেয়ারম্যানের শোক

অনলাইন ডেস্ক



প্রয়াত মেয়র আনিসুল হক ও বসুন্ধরা গ্রুপের চেয়ারম্যান আহমেদ আকবর সোবহান

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের (ডিএনসিসি) মেয়র আনিসুল হকের মৃত্যুতে গভীর শোক ও সমবেদনা জানিয়েছেন দেশের শীর্ষস্থানীয় শিল্পগোষ্ঠী বসুন্ধরা গ্রুপের চেয়ারম্যান আহমেদ আকবর সোবহান।

শুক্রবার এক শোক বার্তায় তিনি বলেন, আনিসুল হক দেশের একজন প্রসিদ্ধ শিল্পপতি। পোশাক শ্রমিক ও ব্যবসায়ীদের শীর্ষ দুই সংগঠন বিজিএমইএ ও এফবিসিসিআই'র সাবেক সভাপতি ছিলেন তিনি। টেলিভিশন ব্যক্তিত্ব হিসেবেও তার জনপ্রিয়তা ছিল শীর্ষে। শুধু তাই নয়, আনিসুল হক একজন যোগ্য নেতা, মহান ব্যক্তিত্ব এবং ভবিষ্যৎ প্রজন্মের কাছে একজন আইডল।

আনিসুল হকের মৃত্যুকে জাতির জন্য অপূরণীয় ক্ষতি হিসেবেও অবহিত করেন আহমেদ আকবর সোবহান।

বসুন্ধরা গ্রুপ চেয়ারম্যান মরহুমের পরিবারের সদস্যদের প্রতি সমবেদনা জানিয়ে তার আত্মার শান্তি কামনা করেন শোক বার্তায়।

বৃহস্পতিবার বাংলাদেশ সময় রাত ১০টা ২৩ মিনিটে যুক্তরাজ্যের লন্ডনের ওয়েলিংটন হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন আনিসুল হক। তার বয়স হয়েছিল ৬৫ বছর।

বিডি-প্রতিদিন/ সালাহ উদ্দীন